কালের কণ্ঠ

তারিখ ... 14 JUN 2017
পৃষ্ঠা ২ কলাম ৪

# শ্রেণিকক্ষে মোবাইল ফোন বন্ধের সুপারিশ

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষকরা যাতে মোবাইল ফোনসেট নিয়ে শ্রেণিকক্ষে প্রবেশ না করেন, সে জন্য মন্ত্রণালয়কে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। কমিটির মতে, পাঠদানের সময় ফোন বাজলে শিক্ষার্থীদের মনোযোগে বিঘ্ন ঘটে। তাই শ্রেণিকক্ষে ঢোকার আগে ফোন প্রধান শিক্ষকের কাছে জমা রাখার পরামর্শ দেওয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়। এতে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মো. মোতাহার হোসেন। বৈঠকে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষা বিষয়কমন্ত্রী মোস্তাফিজুর রহমান, সামশুল হক চৌধুরী, মো. নজরুল ইসলাম বাবু, মো. আবুল কালাম, আলী আজম ও বেগম উম্মে রাজিয়া কাজল এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কমিটি সূত্র জানায়, বৈঠকে প্রাথমিক বিদ্যালয়ের প্রতিটি শ্রেণিকক্ষ, অফিসকক্ষ ও সম্মেলনকক্ষে বঙ্গবন্ধুর ছবি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে। সুপারিশ করা হয়েছে দরিদ্রপ্রবণ উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে 'মিড ডে মিল' কার্যক্রমের আওতায় শুকনো পুষ্টিকর খাবারসহ বিস্কুট বিতরণের জন্য। এ ছাড়া জাতীয় পর্যায়ে 'স্কুল ফিডিং পলিসি' চূড়ান্ত করার লক্ষ্যে শিক্ষক, অভিভাবক এবং সংশ্লিষ্টদের মতামত সংগ্রহ করে স্থায়ী কমিটিতে উপস্থাপনের সুপারিশ করা হয়। বৈঠকে পরামর্শ দেওয়া হয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাস্টাররোলে কর্মরত কর্মচারীদের বিশেষ ক্যাটাগরিতে মানবিক দিক বিবেচনা করে তাঁদের যেন চাকরিতে নিয়মিত করা হয়।